গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
পুলিশ সুপারের কার্যালয়
নারায়ণগঞ্জ



নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং- ৩৬৯৩/ই

তারিখঃ- ২২/১১/২০২৬খ্রিঃ।

স্বরাষ্ট্র মন্ত্রণালয় স্মারক নং- ৪৪.০০.০০০০.০০০.০৯৫.০২.০০০১.২২.১৯০ তারিখঃ- ১৫/১০/২০২৬খ্রিঃ ও পুলিশ হেডকোয়ার্টার্স

স্মারক নং-৪৪.০১.০০০০.০২৮.১৮.০২৯.২০২১/২১৩৬, তারিখঃ-০৮/১১/২০২৬খ্রিঃ মোতাবেক শূন্য পদ পূরণের জন্য নির্দেশক্রমে ছাড়পত্র অনুমোদন পাওয়ায় নারায়ণগঞ্জ জেলা পুলিশে নিম্ন বর্ণিত পদ প্রচলিত নিয়োগ বিধি ও শর্তানুযায়ী অস্থায়ী ভিত্তিতে লোক নিয়োগের জন্য নারায়ণগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে স্ব-হস্তে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র/নং	পদের নাম	বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল/২৬)	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	অফিস সহায়ক	গ্রেড-২০ (২০৫০০-৪৯৬০০)	০১ (এক) টি	এসএসসি/ সমমান পাস ও শারীরিক যোগ্যতা থাকতে হবে।

শর্তাবলীঃ-

আবেদন ফরমপূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে:

০১। নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক প্রচলিত বিধি-বিধান প্রতিপালিত হবে।

০২। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও নারায়ণগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০৩। আবেদনপত্রে ক) প্রার্থীর নাম (বাংলা ও ইংরেজিতে), খ) পিতা/স্বামীর নাম, গ) মাতার নাম, ঘ) স্থায়ী ও বর্তমান ঠিকানা, মোবাইল নাম্বার, ঙ) জাতীয়তা, চ) ধর্ম, ছ) জন্ম তারিখঃ (জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন অনুযায়ী), জ) বয়স, (ঝ) শিক্ষাগত যোগ্যতা, (ঞ) ব্যাংক চালান কপি, (ট) অন্যান্য অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ করতে হবে।

০৪। **অবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজ পত্রাদি সংযুক্ত করতে হবেঃ**

ক) সকল সনদপত্র/প্রত্যয়ন/অনাপত্তিপত্র (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক নামযুক্ত সীলমোহর দ্বারা সত্যায়ন করতে হবে)।

খ) নারায়ণগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে পৌরসভার/সিটি কর্পোরেশন মেয়র/প্রশাসক অথবা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রশাসক কর্তৃক প্রদত্ত অনলাইন নাগরিকত্ব সনদ।

গ) জাতীয় পরিচয়পত্র/অনলাইন জন্ম নিবন্ধন সনদ।

ঘ) চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত অনাপত্তিপত্র।

ঙ) শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ সকল মূল/সাময়িক সনদপত্র।

চ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

ছ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী (বীর মুক্তিযোদ্ধা এবং শহীদ বীর মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান) প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদপত্র।

জ) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান হলে আবেদনের সাথে সম্পর্ক উল্লেখপূর্বক ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট পৌরসভার/সিটি কর্পোরেশন মেয়র/প্রশাসক ইউনিয়ন পরিষদের ক্ষেত্রে চেয়ারম্যান/প্রশাসক কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র

এবং

ঝ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সদস্যদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র।

ঞ) শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের ক্ষেত্রে সংশ্লিষ্ট সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক কর্তৃক প্রদত্ত সনদপত্র;

ট) নিয়োগের জন্য বাছাইকৃত প্রার্থীকে চূড়ান্ত নিয়োগ প্রদানের পূর্বে প্রার্থীর তথ্য যাচাই-বাছাই করা হবে।

ঠ) প্রার্থীকে পুলিশ সুপার, নারায়ণগঞ্জ এর বরাবরে ১০০/-(একশত) টাকার ট্রেজারী চালান বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংক পিএলসি মাধ্যমে কোড নং-১২২০২২০১০৬১১৮-১৪২২৩২৬ পরীক্ষার ফি বাবদ জমা দিয়ে চালানের মূল কপি দরখাস্তের সাথে সংযুক্ত করতে হবে।

০৫। প্রার্থীর বয়সসীমা ২৩-১১-২০২৬খ্রিঃ তারিখে ১৮ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ১৮ থেকে ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা সন্তানদের সন্তানের ক্ষেত্রে বয়সসীমা ১৮ থেকে ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এভিডেভিড গ্রহণযোগ্য হবে না।

০৬। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা/পুত্র কন্যার পুত্র-কন্যা হিসাবে প্রার্থীকে আবেদনপত্রের সাথে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কর্তৃক স্বাক্ষরিত এবং বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের উপদেষ্টা মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত সাময়িক সনদ পত্রের সত্যায়িত ফটোকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। এইরূপ সনদপত্র ব্যতীত অন্য কোন সনদপত্র মুক্তিযোদ্ধা সনদপত্র হিসাবে গ্রহণযোগ্য হবে না।

০৭। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে প্রার্থী যে মুক্তিযোদ্ধা। শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এই মর্মে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (যা প্রযোজ্য) কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের মূল কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৮। আবেদন পত্রে পুলিশ সুপার, নারায়নগঞ্জ এর বরাবরে আগামী ৩০/১২/২০২৬খ্রিঃ মধ্যে অবশ্যই ডাকযোগে পৌছাতে হবে। হাতে হাতে কোন আবেদনপত্র গৃহীত হবে না। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র পৌছাতে হবে। এ ক্ষেত্রে আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

০৯। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবী ও সীলমোহর যুক্ত হতে হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০। আবেদনপত্রের সহিত প্রার্থীর নাম ও ঠিকানা উল্লেখ পূর্বক ১০ (দশ) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাকটিকেট যুক্ত ১০"×৪" সাইজের একটি ফেরত খাম প্রদান করতে হবে।

১১। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ আদেশ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২। নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হবে। নিয়োগ সংক্রান্ত বিষয়ে যে কোন দাপ্তরিক প্রয়োজনে নিয়োগ বিজ্ঞপ্তি স্থগিতকরণ/সময়সীমা বর্ধিতকরণ। বাতিলকরণ এবং অন্য যে কোন সিদ্ধান্ত গ্রহণের চূড়ান্ত ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(মোঃ হাবিবুর রহমান, পিপিএম)
বিপি-৭৭০৫১০৪৭০৫
পুলিশ সুপার, নারায়ণগঞ্জ।
ফোন-০২২২৩৩০৪৬০১, ফ্যাক্স-০২২২৩৩০৪৬১২
Email:spnarayangonj@police.gov.bd

ডিজি-১৭১৫/২৬ (১০"×৪)